দৈনিক জনকণ্ঠ

তারিখ ..24 FEB 2016...
পৃ. ...৩... কলাম ...৬...

# প্রশ্নপত্র বাইরে এনে পরীক্ষা ॥ ১১ শিক্ষক আটক

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** রাজশাহীর বাঘায় এসএসসির গণিত বিষয়ের পরীক্ষা চলাকালে প্রশ্নপত্র কেন্দ্রের বাইরে এনে উত্তর লিখে দেয়ার সময় ১১ শিক্ষক ও এক ছাত্রকে গ্রেফতার করা হয়েছে।

মঙ্গলবার পরীক্ষা কেন্দ্রের পাশের ভবনে উত্তরপত্র লেখার সময় তাদের হাতেনাতে গ্রেফতার করা হয়। পরে তাদের ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হলেও দোষ স্বীকার না করায় তাদের বিরুদ্ধে নিয়মিত মামলা রজু করা হয়েছে বলে জানান বাঘা থানার আলী মাহমুদ।

গ্রেফতারকৃতরা হলেন, উপজেলার জোতনোসী উচ্চ বিদ্যালয়ের শিক্ষক জিল্লুর রহমান ও জিন্নাত আলী, চন্ডিপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক আক্তারুজ্জামান ও শাপলা খাতুন, তেপুকুরিয়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষক সাখাওয়াত হোসেন ও ছাত্র সাকিব মোল্লা, বানিয়াপাড়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষক রফিকুল ইসলাম ও আকরাম হোসেন, পলশীফতেপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক রফিকুল ইসলাম, দাদপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মাইনুল ইসলাম, বারখাদিয়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষক জাহাঙ্গীর হোসেন ও খানপুর জেপি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক জিল্লুর রহমান। বাঘা থানার ওসি আলী মাহমুদ জানান, বাঘা উচ্চ বিদ্যালয় কেন্দ্রের গণিত পরীক্ষা চলছিল। এ কেন্দ্রে অধীনে উপজেলা সদরের অবস্থিত বাঘা উচ্চ বিদ্যালয়, ইসলামী একাডেমি উচ্চ বিদ্যালয় ও আব্দুল হামিদ দানিশমন্দ সিনিয়র মাদ্রাসায় পরীক্ষার্থীদের আসন বসানো হয়েছে।

তিনি বলেন, পরীক্ষা কেন্দ্রের পাশে বাঘায় শাহদৌলা ডিগ্রী কলেজের সামনে অবস্থিত পলি স্টুডিও ভবনের দ্বিতীয় তলায় 'প্রচেষ্টা-৯২' নামের স্বেচ্ছাসেবী সংগঠনের কার্যালয় রয়েছে। পরীক্ষা শুরু হওয়ার পর কেন্দ্র থেকে ওই সংগঠনের কার্যালয়ে প্রশ্নপত্র নিয়ে আসা হয়। সেখানে বসে শিক্ষকরা প্রশ্নের উত্তরপত্র তৈরি করছিলেন।

খবর পেয়ে বেলা সাড়ে ১১টার দিকে বাঘা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শিমুল আকতার ওই কার্যালয়ে গিয়ে তাদের কাছ থেকে প্রশ্ন ও উত্তরপত্র উদ্ধার করেন। এসময় শিক্ষকরা পালানোর চেষ্টা করলে তিনি তাদের পালাতে নিষেধ করেন। পরে থানায় ফোন করে পুলিশ ডেকে আনেন।